



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সাকুলার লেটার নং-২৫

২৯ জুলাই ২০২৬

তারিখ: -----

১৪ শ্রাবণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

নীতি সহায়তা গ্রহণের ক্ষেত্রে গ্রাহক কর্তৃক দায়েরকৃত মামলা প্রত্যাহার প্রসঙ্গে।

কর্মসংস্থান সৃষ্টি এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে উৎপাদনশীল খাতে ঋণপ্রবাহ বৃদ্ধির মাধ্যমে বেসরকারি বিনিয়োগ নির্ভর অর্থনীতি গঠনের নিমিত্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গৃহীত হয়েছে। উক্ত পদক্ষেপের আওতায় রপ্তানিমুখী বন্দ কল-কারখানা চালু করাসহ কৃষি, সিএমএসএমই ইত্যাদি খাতের ঋণগ্রহীতাগণকে ব্যাংকের মাধ্যমে বিভিন্ন প্রণোদনা/নীতি সহায়তা প্রদান করা হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও লক্ষ করা যাচ্ছে যে, কোনো কোনো গ্রাহক একদিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রণোদনা/নীতি সহায়তা গ্রহণ করছে অন্যদিকে সরকার, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে রিট পিটিশনসহ অন্যান্য দায়েরকৃত মামলা অব্যাহত রাখছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে দেশের ব্যাংকিং খাতে মামলাজট নিরসনকল্পে এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, সরকার তথা বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত/ঘোষিতব্য প্রণোদনা প্যাকেজসহ অন্যান্য যেকোনো নীতি সহায়তা প্রদানের পূর্বে আবেদনকারী কর্তৃক ইতোপূর্বে সরকার, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে রিট পিটিশনসহ অন্যান্য দায়েরকৃত মামলা অনিশ্পন্ন থাকলে তা প্রত্যাহার সাপেক্ষে উক্ত আবেদন বিবেচনা করতে হবে। এক্ষেত্রে প্রত্যাহারকৃত মামলার তালিকা সংযুক্ত করে আবেদনকারী কর্তৃক ইতোপূর্বে সরকার, বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের বিরুদ্ধে দায়েরকৃত কোনো মামলা অনিশ্পন্ন নেই মর্মে গ্রাহকের নিকট হতে একটি হলফনামা (Affidavit) গ্রহণ করতে হবে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোন: ৯৫৩০২৫২